

**Kevin Moran** 

Chief School Operations Officer Department of Education

52 Chambers Street New York, NY 10007 1 ফেব্রুয়ারি, 2023

প্রিয় পরিবারবর্গ এবং কর্মীবৃন্দ:

আমাদের স্কুলগুলোতে সরবরাহকৃত পানি আমাদের শিক্ষার্থী ও স্টাফদের জন্য নিরাপদ এই মর্মে নিশ্চয়তা দিতে, NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) চলমান প্রক্রিয়াগুলো সম্পর্কে আমি হালনাগাদকৃত তথ্য দিতে চাই।

প্রথমত এবং সর্বপরি, নিউ ইয়র্ক সিটির পানি নিরাপদ। পরিবার ও স্কুলকর্মীদের সবাই আশ্বস্ত থাকতে পারেন যে, আমাদের পান করার পানি বিশ্বের সর্বোচ্চ মানসম্পন্ন। নিউ ইয়র্ক সিটির পানি সকল ফেডারেল ও স্টেটের মান পূরণ করে বা অতিক্রম করে। অতিরিক্তভাবে, স্কুলগুলোতে নিরাপদ পান করার পানি রয়েছে, সেটা নিশ্চিত করার জন্য DOE সিটির অন্যান্য এজেঙ্গিগুলোর সাথে একযোগে কাজ করে। শিক্ষার্থী ও স্কুলকর্মীদের নিরাপত্তা ও কল্যাণ হচ্ছে আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত বিষয়।

স্টেটের আইন অনুযায়ী, সকল স্কুলকে অবশ্যই প্রতি তিন বছর পর পর পানিতে সীসার (লেড) পরিমাণ পরীক্ষা করতে হয়। 2023 থেকে শুরু করে, DOE এক প্রস্থ নতুন পরীক্ষা শুরু করে, যা 2025 সালের ডিসেম্বরে শেষ হবে। এই পর্বের প্রথম পর্যায়ে (কোহর্ট 2023), এক তৃতীয়াংশ ভবন বা বিল্ডিংসমূহ পরীক্ষা করা হবে।

আপনাদের ভবনটি 2023 সালের জন্য বাছাইকৃত ভবনসমূহের মধ্যে পড়েছে। ভবনটির পরীক্ষা সমাপ্ত হলে এবং ল্যাব-এর ফলাফল পাবার পর, আপনি ফলাফলের একটি নোটিশ পাবেন। কোনো ভবনে এমনকি একটি পানির কলেও যদি নিরাপদ মাত্রার চেয়ে বেশি দূষণ পাওয়া যায়, তাহলে DOE পদক্ষেপ গ্রহণের নিয়মাবলী অনুযায়ী অগ্রসর হবে।

প্রতিটি স্কুলে পান করার পানির নিরাপত্তা নিশ্চিতকরণে আমরা যে কঠোর ব্যবস্থা গ্রহণ করি সে সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে <a href="https://www.schools.nyc.gov/school-life/space-and-facilities-reports/water-safety">https://www.schools.nyc.gov/school-life/space-and-facilities-reports/water-safety</a> দেখুন।

আপনার বিশ্বস্ত,

কেভিন মোরান (Kevin Moran)